

# সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

## সিলেট সেনানিবাস, সিলেট

টেলিফোন: ০৮২১৬৭৫০৮১-৪ বর্ধিত ৩১৭২; মোবাইল: ০১৭৫৪-৭৯৮৬৫৪

Website: www.sylhetcpsc.edu.bd

Facebook: www.facebook.com/sylhetcpsc

এসসিপিএসসি/একাডেমিক/২০২০/৩৫

তারিখ: ১৩ নভেম্বর ২০২০

২০২১ শিক্ষাবর্ষে স্কুল শাখায় (বাংলা মাধ্যমে) বিভিন্ন শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

১। সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে ২০২১ শিক্ষাবর্ষে ১ম হতে ৯ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

ক। আবেদন ফরম সংগ্রহ ও জমাদানের সময়সূচি।

শ্রেণি	আবেদন ফরম সংগ্রহ ও জমাদান	সময়
১ম শ্রেণি	২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর ২০২০	০৯০০ হতে ১৪০০ ঘটিকা (ছুটির দিন ব্যতীত)
২য় হতে ৯ম শ্রেণি	২৫ নভেম্বর হতে ১৫ ডিসেম্বর ২০২০	

খ। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি।

শ্রেণি	পরীক্ষার ধরণ	পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন	তারিখ ও সময়
১ম শ্রেণি	লটারির মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে।	অপ্রযোজ্য	লটারি: ১৩ ডিসেম্বর ২০২০ সময়: সকাল ১০০০ ঘটিকা
২য় হতে ৯ম শ্রেণি	পরীক্ষা (লিখিত/MCQ)	বাংলা- ১৫, ইংরেজি- ১৫, গণিত- ২০; সর্বমোট- ৫০	পরীক্ষার সময়সূচি প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও ফেসবুক পেইজ প্রকাশ করা হবে।

২। ভর্তি আবেদন ফরম সংগ্রহ ও জমাদান।

ক। প্রতিষ্ঠানের ব্যাংক বুখে ৪০০/- (চারশত) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

খ। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে ছবি ও প্রয়োজনীয় নথিপত্র (জন্ম নিবন্ধন সনদপত্রসহ) নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের অফিসে জমা দিতে হবে।

গ। সংশ্লিষ্ট সকলের জন্য নিরাপদ সামাজিক দূরত্ব বজায় ও মাস্ক পরিধান বাধ্যতামূলক।

৩। ভর্তিকালীন নিম্নবর্ণিত সনদপত্র/নথিপত্র জমা দিতে হবে।

ক। ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।

খ। বিদ্যালয় পরিবর্তনের সনদ/প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র (১ম শ্রেণি ব্যতীত)।

গ। জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।

ঘ। শিক্ষার্থীর তিন কপি পাসপোর্ট এবং দুই কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি।

ঙ। পিতা-মাতা অথবা আইনানুগ অভিভাবকের এক কপি করে পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

চ। সেনা সদস্যের সন্তানের ক্ষেত্রে স্ব স্ব অধিনায়ক কর্তৃক সনদপত্র।

ছ। প্রতিরক্ষা খাত হতে বেতন-ভাতাপ্রাপ্ত অসামরিক কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে স্ব স্ব ইউনিট/সংস্থা প্রধান কর্তৃক সনদপত্র।

জ। অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের ক্ষেত্রে খালাসী বইয়ে সন্তানদের নামীয় তালিকা, স্থায়ী ঠিকানার ফটোকপি সত্যায়িত, ইত্যাদি।

আবু হায়দার মো. আসাদুজ্জামান

মেজর

তাপক্ষে